

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সামাজিক নিরাপত্তা-২ শাখা
বাংলাদেশসচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

নম্বর-৪১.০০.০০০০.০৪৩.০৫.০০৩.১৭(অংশ-২).৪৪৩


তারিখ: ০১ আষাঢ়, ১৪৩৩
১৫ জুন, ২০২৬

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে ১২০০১৩৪০১-‘বেসরকারি এতিমখানা’র ২য় কিস্তি (জানুয়ারি/২০২৬ হতে জুন/২০২৬ পর্যন্ত) ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও মঞ্জুরি প্রদান।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে ১২০০১৩৪০১-‘বেসরকারি এতিমখানা’ এর ৩২৫৪১০২-‘খাদ্যদ্রব্য’ খাতে বরাদ্দকৃত ২৮০.০০ কোটি (দুইশত আশি কোটি) টাকার মধ্যে ২য় কিস্তিতে এতদসঙ্গে সংযুক্ত ৪,২০৯ টি বেসরকারি এতিমখানার ১,১৬,৭৫৯ (এক লক্ষ ষোল হাজার সাতশত ঊনষাট) জন এতিম শিশুর অনুকূলে মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে (জানুয়ারি/২০২৬ হতে জুন/২০২৬ পর্যন্ত) ০৬ (ছয়) মাসের জন্য $(২,০০০ \times ৬ \times ১,১৬,৭৫৯) = ১৪০,১১,০৮,০০০$ (একশত চল্লিশ কোটি এগারো লক্ষ আট হাজার) টাকা বরাদ্দের সরকারি মঞ্জুরি এতদ্বারা জ্ঞাপন করছি। মঞ্জুরিকৃত অর্থ মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর ন্যস্ত করা হলো।

- ০২। প্রত্যেক এতিমখানার নামে পৃথক ট্রাস চেকের মাধ্যমে অনুদানের টাকা পরিশোধ করতে হবে।
০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোহাম্মদ শাফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫৫৩৪


E-mail: sss@msw.gov.bd

নম্বর-৪১.০০.০০০০.০৪৩.০৫.০০৩.১৭(অংশ-২).৪৪৩ (১/৬)

তারিখ: ০১ আষাঢ়, ১৪৩৩
১৫ জুন, ২০২৬

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা। এতিমখানার শিশুদের জন্য মঞ্জুরিকৃত অর্থ নিম্নোক্ত শর্তে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হলো। (গ্র্যান্টপ্রাপ্ত এতিমখানার তালিকা ০১ সেট সংযুক্ত করা হলো)
(ক) ন্যূনতম ১০ জন এতিম নিবাসী নেই এমন কোন এতিমখানার জন্য ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেয়া যাবে না;
(খ) সমাজসেবা অধিদফতরের নিবন্ধনকৃত নয় অথবা এতিম শিশু নেই এমন কোন এতিমখানাকে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেয়া যাবে না;
(গ) ১৮ বছরের উর্দে কোন এতিমকে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেয়া যাবে না;
(ঘ) যেসব এতিমখানার বিরুদ্ধে মামলা/অভিযোগ আছে তাদের মামলা/অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেয়া যাবে না;
(ঙ) উপরিউক্ত শর্ত বা শর্তাদির সাথে অসামঞ্জস্যপূর্ণ হলে সংশ্লিষ্ট এতিমখানার জন্য গ্র্যান্ট স্থগিত রেখে সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরকে অবহিত করবেন;
(চ) ২য় কিস্তিতে মাথাপিছু এতিমের জন্য মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ৬ (ছয়) মাসের জন্য ১২,০০০/- (বারো হাজার) টাকা বরাদ্দ দেয়া হয়েছে। কোন এতিমখানার ক্ষেত্রে বরাদ্দকৃত এতিমের আসন সংখ্যা এবং মঞ্জুরিকৃত টাকার অংকের মধ্যে কোন গরমিল পরিলক্ষিত হলে অথবা অন্য কোন অসামঞ্জস্য পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট উপপরিচালক সে সম্পর্কে এ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরকে অবিলম্বে অবহিত করবেন।
- ২। অতিরিক্ত সচিব (কার্যক্রম ও কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: উপসচিব (বাজেট) iBASS++ এর এন্ড্রির অনুরোধসহ)
- ৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মোহাম্মদ শাফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব